

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৩৪

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالى) পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - বিভিন্ন সময়ের পঠিতব্য দু'আ

আরবী

وَعَنْ عَلِيّ: أَنَّهُ أُتِيَ بِدَابَّةٍ لِيَرْكَبَهَا فَلَمَّا وضَعَ رِجْلَه فِي الركابِ قَالَ: بسمِ اللَّهِ فَلَمَّا اسْتَوَى عَلَى ظَهْرِهَا قَالَ: الْحَمْدُ لِلَّهِ ثُمَّ قَالَ: (سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ وَإِنَّا إِلَى رَبِنَا لَمِنُقلِبون)

ثُمَّ قَالَ: الْحَمْدُ لِلَّهِ ثَلَاثًا وَاللَّهُ أَكْبَرُ ثَلَاثًا سُبْحَانَكَ إِنِّي ظَلَمْتُ نَفْسِي فَاغْفِرْ لِي فَإِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ ثُمَّ ضَحِكَ فَقِيلَ: مِنْ أَيِّ شَيْءٍ ضَحِكْتَ يَا أَمِيرَ الْمُوْمِنِينَ؟ قَالَ: مِنْ أَيِّ شَيْءٍ ضَحِكْتَ يَا أَمِيرَ الْمُوْمِنِينَ؟ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَنَعَ كَمَا صَنَعْتُ ثُمَّ ضَحِكَ فَقُلْتُ: مِنْ أَيِّ شَيْءٍ ضَحِكْتَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: إِنَّ رَبَّكَ لَيَعْجَبُ مِنْ عَبْدِهِ إِذَا قَالَ: رَبِّ اغْفِرْ لِي شَيْءٍ ضَحِكْتَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: إِنَّ رَبَّكَ لَيَعْجَبُ مِنْ عَبْدِهِ إِذَا قَالَ: رَبِّ اغْفِرْ لِي ذُنُوبِي يَقُولُ: يَعْلَمُ أَنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ غَيْرِي رَوَاهُ أَحْمِد وَالتِّرْمِذِي وَأَبُو دَاوُد

বাংলা

২৪৩৪-[১৯] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আরোহণ করার জন্য তাঁর কাছে একটি আরোহী আনা হলো। তিনি রিকাবে পা রেখে বললেন, ''বিসমিল্লা-হ'' (অর্থাৎ- আল্লাহর নামে)। যখন এর পিঠে আরোহিত হলেন তখন বললেন, ''আলহাম্দুলিল্লা-হ'' (অর্থাৎ- আল্লাহর প্রশংসা)। এরপর বললেন, ''সুবহা-নাল্লাযী সাখখারা লানা- হা-যা- ওয়ামা- কুয়া- লাহূ মুকরিনীন, ওয়া ইয়া- ইলা- রিকানা- লামুনক লিবূন'' (অর্থাৎ- প্রশংসা আল্লাহর, যিনি [আরোহণের জন্য] এটাকে আমাদের বশীভূত করে দিয়েছেন)। তারপর তিনি তিনবার বললেন, ''আলহাম্দুলিল্লা-হ'', তিনবার বললেন, ''ওয়াল্ল-হু আকবার''; এরপর বললেন, ''সুবহা-নাকা ইয়ী যলামতু নাফসী, ফাগফিরলী, ফাইয়াহূ লা- ইয়াগফিরুয্ যুনূবা ইল্লা- আন্তা'' (অর্থাৎ- তোমার পবিত্রতা, আমি আমার ওপর যুলম করেছি, তুমি আমাকে ক্ষমা করে দাও)।

অতঃপর তিনি হেসে ফেললেন, তাঁকে জিজেস করা হলো, হে আমীরুল মু'মিনীন! কি কারণে আপনি হাসলেন? তিনি জবাবে বললেন, আমি রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি, আমি যেভাবে করলাম, তিনি ঐভাবে করলেন অর্থাৎ- হাসলেন। তখন আমি তাঁকে জিজেস করলাম, কি কারণে আপনি হাসলেন, হে আল্লাহর রসূল! তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আল্লাহ তাঁর বান্দার প্রতি সম্ভুষ্ট হন যখন সে বলে, ''রবিবগ্



ফিরলী যুনূবী" (অর্থাৎ- হে আল্লাহ! আমার অপরাধসমূহ ক্ষমা করো)। আল্লাহ বলেন, সে বিশ্বাস করে আমি ছাড়া প্রকৃতপক্ষে অপরাধসমূহ ক্ষমা করার আর কেউ নেই। (আহমাদ, তিরমিয়ী ও আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ২৬০২, তিরমিয়ী ৩৪৪৬, ইবনু হিব্বান ২৬৯৮, সহীহ আল জামি' ২০৬৯, আহমাদ ৭৫৩, আল কালিমুত্ব ত্বইয়্যিব ১৭৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মিশকাতের সকল অনুলিপিতে অনুরূপ বর্ণনা রয়েছে এবং মাসাবীহ, শারহ আস্ সুন্নাহ ও মুস্তাদরাকেও অনুরূপ বর্ণনা রয়েছে। সহীহ ইবনু হিব্বানেও অনুরূপ রয়েছে।

তবে আবৃ দাউদ-এর বর্ণনায় এভাবে রয়েছে- অতঃপর তিনি আল হামদুলিল্লা-হ তিনবার বললেন, এরপর আল্ল-হু আকবার তিনবার বললেন। অতঃপর তিনি সুবহা-নাকা..... (উল্লেখিত দু'আ) পড়লেন। আহমাদ, ইবনুস্ সুন্নী ও আল হাকিম-এর বর্ণনায় কিছু বর্ধিত রয়েছে। তা হলোঃ তিনি "লা- ইলা-হা ইল্লা- আনতা" একবার পড়লেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56994

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন